# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 17-03-2026 Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে বিধানসভা নির্বাচনে নিযুক্ত পুলিশ পর্যবেক্ষকরা আজ থেকে রাজ্যে আসছেন।

২) কমিশন ১৯-এ মার্চের মধ্যে রাজ্যের প্রতিটি থানাকে নিজ নিজ এলাকার আইনশৃঙ্খলার পরিস্থিতি সম্পর্কে জানাতে বলেছে।

৩) এবারের ভোটে নজরদারি আরও কড়া করতে সব বুথে ওয়েবকাস্টিং বাধ্যতামূলক করা হচ্ছে। ড্রোণের সাহায্যও নেওয়া হবে।

৪) নির্বাচন কমিশনের নির্দেশে রাজ্য পুলিশে বেশ কিছু রদবদল হয়েছে।

৫) তৃণমূল কংগ্রেসের প্রার্থী তালিকা আজ প্রকাশ করা হবে। বিজেপি প্রথম দফায় ১৪৪ জন এবং বামফ্রন্ট ১৯২ জন প্রার্থী তালিকা প্রকাশ করেছে।

৬) কলকাতা সহ দক্ষিণবঙ্গ এবং উত্তরবঙ্গের বেশ কয়েকটি জেলায়, গতকাল ব্যাপক ঝড় বৃষ্টিতে তাপমাত্রার পারদ অনেকটাই নেমেছে।

০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশনের পুলিশ পর্যবেক্ষকরা আজ থেকে রাজ্যে আসছেন । ২৮টি পুলিশ জেলা এবং ৬টি কমিশনারেটে দু'জন করে পুলিশ পর্যবেক্ষক নিয়োগ করা হচ্ছে। কলকাতা বড় শহর হওয়ায় সেখানে অতিরিক্ত পর্যবেক্ষক রাখা হবে বলেও জানানো হয়েছে।

বিধানসভা নির্বাচনে প্রতি দফায় নির্বাচন কমিশন দুই থেকে আড়াই হাজার কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের পরিকল্পনা করেছে। ইতিমধ্যেই রাজ্যের দুই দফা ৪৮০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়ন করা হয়েছে। তারা প্রতিটি বিধানসভা এলাকায় তল্লাশি অভিযান ও ভোটারদের আস্থা বৃদ্ধিতে কাজ শুরু করেছে। কেন্দ্রীয় বাহিনীর ভূমিকা নিয়েও কমিশনের তরফে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সতর্ক করে দেওয়া হয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিক বলেছেন, এর আগে কেন্দ্রীয় বাহিনীর অপব্যবহার এবং তাদের বিরুদ্ধে যথাযথভাবে কাজ না করার অভিযোগ উঠেছে। পূর্ববর্তী নির্বাচন গুলিতে এ ধরনের অভিযোগে তদন্ত করার পরে দোষী আধিকারিকদের বিরুদ্ধে ইতিমধ্যে কঠোর ব্যবস্থা নেওয়া হয়েছে। এবারের ভোটের জন্য প্রশিক্ষণ কর্মসূচিতেই আধা সামরিক বাহিনীকে তাদের ভূমিকা সম্পর্কে সজাগ থাকতে নির্দেশ দেওয়া হয়েছে।

কমিশনের নির্দেশ অনুযায়ী, ভোটগ্রহণের আগে প্রতিটি বুথে কেন্দ্রীয় বাহিনী পৌঁছে যাবে এবং বুথের নিরাপত্তার সম্পূর্ণ দায়িত্ব তাদের উপরই থাকবে। বুথের ভিতরে কোনও ধরনের ভয় দেখানো, জাল ভোট বা অনিয়মের চেষ্টা হলে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে নির্বাচন কমিশন এবার অভূতপূর্ব সিদ্ধান্ত নিয়েছে। রাজ্যের প্রতিটি থানাকে আগামী বৃহস্পতিবারের মধ্যে নিজেদের এলাকার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিস্তারিত রিপোর্ট দিতে বলা হয়েছে। এলাকাভিত্তিক অস্ত্রের মজুত, চিহ্নিত সমাজবিরোধী এবং অপরাধ সংক্রান্ত তথ্য ওই রিপোর্টে জানাতে হবে। কমিশনের

নির্দেশ, প্রতিটি থানার ভারপ্রাপ্ত আধিকারিককে নিশ্চিত করতে হবে যে সংশ্লিষ্ট এলাকা অপরাধমুক্ত রয়েছে। তা না হলে তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল বলেছেন থানা এলাকা অপরাধমুক্ত করতে আধা সামরিক বাহিনী সহ সমস্ত সহায়তা দেবে কমিশন। তার পরেও যদি ওই এলাকায় ভোটে অশান্তির ঘটনা ঘটে তবে সংশ্লিষ্ট থানার দায়িত্বপ্রাপ্ত আধিকারিক এর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।কমিশন জানিয়েছে, কেন্দ্রীয় বাহিনীর কোনও অপব্যবহার বরদাস্ত করা হবে না। তারা আইন অনুযায়ী কাজ করবে। বুথে কোনও গোলমাল হলে পরিস্থিতি সামাল দেওয়ার দায়িত্ব থাকবে কেন্দ্রীয় বাহিনীর উপরই। তাদের তরফে গাফিলতির কোন অভিযোগ প্রমাণিত হলে শাস্তি মূলক ব্যবস্থার মুখে পড়তে হবে।

(বাইট মনোজ আগরওয়াল)

একশ শতাংশ  বুথে ওয়েব কাস্টিং বাধ্যতামূলক করা হচ্ছে। কোথাও ওয়েব কাস্টিং না হলে সেই বুথে  পুনঃনির্বাচনের সম্ভাবনাও খতিয়ে দেখা হবে বলে স্পষ্ট জন্যও হয়েছে।

রাজ্যের নির্বাচনী ইতিহাসে প্রথমবার ড্রোনের মাধ্যমেও নজরদারি চালানো হবে। বড় সমাবেশ বা স্পর্শকাতর এলাকায় এই ড্রোন মনিটরিং ব্যবস্থার সাহায্যে পরিস্থিতি পর্যবেক্ষণ করা হবে। কমিশন সূত্রে খবর, ভোটকে ঘিরে এখনও পর্যন্ত প্রায় **১১২** কোটি টাকার অবৈধ নগদ ও অন্যান্য সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে। কালো টাকা উদ্ধারের নিরিখে ইতিমধ্যেই ৫৫টি বিধানসভা কেন্দ্রকে সংকট প্রবন বলে চিহ্নিত করা হয়েছে।

নির্বাচনের সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণের জন্য সিইও দফতরে রাজ্য স্তরের একটি কন্ট্রোল সেন্টার তৈরি করা হয়েছে। পাশাপাশি প্রথমবার গঠন করা হয়েছে ‘অবজারভার সেল’। এই সেলের দায়িত্বে থাকবেন আইএএস অফিসাররা। তাঁদের কাজ হবে বিভিন্ন পর্যবেক্ষকের কাজকর্ম পর্যালোচনা করা।

oooooooooooooooooooo

নির্বাচন কমিশন ডক্টর রাজেশ কুমার সিং-কে এডিজি দক্ষিণবঙ্গ এবং কে জয়ারমন-কে এডিজি উত্তরবঙ্গ হিসেবে নিযুক্ত করার নির্দেশ দিয়েছে। একই সঙ্গে আসানসোল – দুর্গাপুর পুলিশ কমিশনার হিসেবে ডক্টর প্রণব কুমার, হাওড়ার পুলিশ কমিশনার হিসেবে অখিলেশ কুমারকে নিযুক্ত করার নির্দেশ দিয়েছে। অমিত কুমার সিং

ব্যারাকপুরের পুলিশ কমিশনার ও সুনীল কুমার যাদবকে চন্দননগরের পুলিশ কমিশনার হিসেবে নিযুক্ত করার আদেশ জারি করা হয়েছে। এই নির্দেশ এখনই বাস্তবায়ন করতে এবং এসংক্রান্ত রিপোর্ট আগামীকাল সকাল ১১-টার মধ্যে দেওয়ার কথা জানিয়েছে কমিশন।

oooooooooooooooooooo

আসন্ন নির্বাচনে ভোট প্রক্রিয়ার উপর কড়া নজর রাখতে নির্বাচন কমিশন ২৯৪ জন সাধারণ পর্যবেক্ষক এবং ৮৪ জন পুলিশ পর্যবেক্ষক নিয়োগ করেছে। এই প্রথম রাজ্যের প্রতিটি বিধানসভা কেন্দ্রের জন্য আলাদা সাধারণ পর্যবেক্ষক নিয়োগ করা হল। বিভিন্ন রাজ্যের আইএএস ও আই পি এস আধিকারিকরা পর্যবেক্ষকের দায়িত্বে থাকবেন।

oooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেসের প্রার্থী তালিকা আজ, প্রকাশ করা হবে। বিকেল ৩টে ১৫ মিনিট নাগাদ কালীঘাটের বাড়ি থেকে দলনেত্রী মমতা ব্যানার্জি প্রার্থী তালিকা প্রকাশ করবেন বলে দলীয় সূত্রে জানা গিয়েছে। বিজেপি, সিপিএমও প্রথম দফায় তাদের প্রার্থী তালিকা ঘোষণা করে দিয়েছে।

oooooooooooooooooooooo

বিধানসভা নির্বাচনে বিজেপি, প্রথম দফায় ১৪৪ জন প্রার্থীর নাম ঘোষণা করেছে। দলের প্রধান রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে জানান, কেন্দ্রীয় নেতৃত্বের সিদ্ধান্তে এই প্রার্থী তালিকা তৈরি হয়েছে।

উল্লেখযোগ্য প্রার্থীদের মধ্যে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আগেরবারের বিধানসভা কেন্দ্র নন্দীগ্রাম ছাড়াও এবার ভবানীপুর আসন থেকে'ও প্রতিদ্বন্দ্বিতা করবেন। প্রাক্তন সাংসদ দিলীপ ঘোষ খড়গপুর সদর ও স্বপন দাশগুপ্ত রাসবিহারী কেন্দ্র থেকে প্রার্থী হয়েছেন।

এদিকে, বামফ্রন্ট, রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য প্রথম দফায় ১৯২ জন প্রার্থীর নাম ঘোষণা করেছে। ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে এই তালিকা ঘোষণা করে বলেন, নির্বাচনে শরিক দলগুলি ছাড়াও, CPIM (ML) লিবারেশন, ISF এবং

বেশ কিছু নির্দল প্রার্থীও ফ্রন্টের সহযোগী হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করবেন। এই প্রার্থী তালিকায় আছেন ২৭ জন মহিলা।

উল্লেখযোগ্য প্রার্থীরা হলেন, যাদবপুর কেন্দ্রে বিকাশরঞ্জন ভট্টাচার্য, উত্তরপাড়ায় মীনাক্ষী মুখোপাধ্যায়, শিলিগুড়িতে প্রাক্তন মেয়র পারিষদ শরদিন্দু চক্রবর্তী, দমদম উত্তরে দীপ্সিতা ধর, কামারহাটিতে মানস মুখার্জী, বরানগরে সায়নদ্বীপ মিত্র, কসবায় দীপু দাস, মহেশতলায় সায়ন ব্যানার্জি প্রমুখ।

প্রথম দফায় প্রকাশিত তালিকায়, CPIM-এর ১৪০, ফরোয়ার্ড ব্লক ২১, RSP ১৩, CPI-১৬ , মার্কসবাদী ফরোয়ার্ড ব্লক- ১ ও RCPI- ১ টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করছে।

এদিকে, রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনে SUCI (কমিউনিস্ট) এককভাবে ২৩০টি কেন্দ্রে প্রতিদ্বন্দ্বিতা করবে বলে দলের রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য বলেছেন।

oooooooooooooooooooooo

বিজেপির ময়না বিধানসভার প্রার্থী অশোক দিন্দা, তাঁর নামে কোন্ কোন্ থানায় কি কি অভিযোগ ও FIR রয়েছে, তা' জানার জন্য আদালতের দ্বারস্থ হয়েছেন।

কলকাতা হাইকোর্টে বিচারপতি সৌগত ভট্টাচার্যের এজলাসে শ্রী দিন্দার পক্ষের আইনজীবি জানান, এই বিষয়টি নিয়ে তাঁরা পুলিশের কাছে ৬'ই মার্চ চিঠি পাঠালেও, কোনো তথ্য পাওয়া যায়নি।

যেকোন নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে গেলে, মনোনয়ন পত্রের সঙ্গে প্রার্থীকে জানাতে হয়, তাঁর বিরুদ্ধে কতগুলি মামলা বর্তমানে বিচারাধীন রয়েছে।

oooooooooooooooooooooo

প্রশাসনে রদবদল নিয়ে অসন্তোষ প্রকাশ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে চিঠি লিখেছেন। ওই চিঠিতে তিনি বলেছেন, বিধানসভা ভোটের দিন ঘোষণার কয়েক ঘণ্টার মধ্যে নির্বাচন কমিশন যেভাবে একতরফা সিদ্ধান্ত নিয়ে প্রশাসনের শীর্ষস্তরের আধিকারিকদের সরিয়ে দিয়েছে, তার কোনো যুক্তিসঙ্গত কারণ নেই। যাঁদের বদলী করা হয়েছে, তাঁদের বিরুদ্ধে নির্বাচন পরিচালনার ক্ষেত্রে বিধিভঙ্গ, খারাপ আচরণ বা গাফিলতির'ও কোন অভিযোগ ছিল না।

উল্লেখ্য, নির্বাচন কমিশন রাজ্য পুলিশের ভারপ্রাপ্ত মহানির্দেশক পদ থেকে পীযুষ পান্ডে এবং কলকাতা পুলিশ কমিশনারের পদ থেকে সুপ্রতিম সরকার সহ চার পুলিশ আধিকারিককে সরিয়ে দিয়েছে। মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী ও স্বরাষ্ট্র সচিব জগদীশ প্রসাদ মীনাকেও পদ থেকে সরিয়ে দেওয়া হয়।

দুষ্মন্ত নারিয়ালা নতুন মুখ্য সচিব এবং সংঘমিত্রা ঘোষ নতুন স্বরাষ্ট্র সচিব হয়েছেন।
এদিকে প্রাক্তন স্বরাষ্ট্র সচিব জগদীশ প্রসাদ মীনাকে তামিলনাড়ুর তিরুচিরাপল্লিতে পর্যবেক্ষক হিসেবে নিযুক্ত করা হয়েছে।

oooooooooooooooooooooo

আজকের প্রসঙ্গে এবারের বিষয় "কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নির ভারত সফর এবং ভারত কানাডা দ্বিপাক্ষিক সম্পর্ক"। এই নিয়ে কানাডা প্রবাসী ভারতীয় বিজ্ঞানী ডঃ সৈকত বসুর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। আজ শুনবেন প্রথম পর্ব। অনুষ্ঠানটি শোনা যাবে রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, ডিটিএইচ বাংলা পরিষেবা ও আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে। দ্বিতীয় পর্ব শুনবেন আগামীকাল রাত সাড়ে নটায়।

oooooooooooooooooooooo

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায়, কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা এবং উত্তরবঙ্গের বেশ কয়েকটি জেলাতে, গতকাল দুপুরের পর ব্যাপক ঝড় বৃষ্টিতে এক ধাক্কায় তাপমাত্রার পারদ'ও অনেকটাই নেমে গেছে। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৮ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা পাঁচ দশমিক দুই ডিগ্রি কম।
আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে, রাত সোওয়া ন'টা নাগাদ সংলগ্ন এলাকায় ৭২ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যায়।

আজ থেকে বৃষ্টির পরিমাণ কিছুটা কমলেও, হিমালয় পাদদেশ এবং দক্ষিণবঙ্গের দুই ২৪ পরগনা, মুর্শিদাবাদ, নদিয়া, বীরভূম, ঝাড়গ্রাম এবং পশ্চিম মেদিনীপুর জেলায় দমকা বাতাস ও বজ্রবিদ্যুৎ সহ হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

oooooooooooooooooooooo

প্রবল ঝড়ে বিপর্যস্ত বাঁকুড়া জেলার বিস্তীর্ণ এলাকা। জেলার বিষ্ণুপুর ও খাতড়া মহকুমার বিভিন্ন এলাকায় গতকাল তীব্র ঝড়ে গাছ উপড়ে পড়ে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। আজ সকাল পর্যন্ত বিষ্ণুপুরের বহু এলাকা বিদ্যুত বিহীন। খাতড়া মহকুমার গোবিন্দপুর এলাকায় তীব্র ঝড়ে ঘরের চাল উড়ে যাওয়া ও অ্যাজবেসটাস ভেঙে পড়ায় বহু মানুষ গৃহহীন হয়ে পড়েছেন।।

এদিকে প্রবল ঝড়ে বিপর্যস্ত জলপাইগুড়ি এবং ,শিলিগুড়ি ও । জলপাইগুড়ির বিভিন্ন এলাকায় ঝড়ে গাছ পড়ে যান চলাচল, যাতায়াতে সমস্যা হচ্ছে।বহু এলাকা গতরাত থেকেই বিদ্যুত বিহীন , অনেক জায়গায় জল জমে আছে।

পাশাপাশি শিলিগুড়ির পরিস্থিতিও একইরকম। শহরের ৩১ নম্বর ওয়ার্ডে শক্তিগড় এক ও দু নাম্বার রোডের মাঝে একটি বাড়ির ওপর বিরাট বড় গাছ ভেঙে পড়লেও অল্পের জন্য রক্ষা পান বাড়ির ভেতরে থাকা এক দম্পতি।

oooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগণা জেলার হাসনাবাদ কালীবাড়ি এলাকায় গতরাতের ঝড়- বৃষ্টিতে, একটি মহিলা সমিতির অফিসের চাল উড়ে যাওয়ায়, সদস্যদের ব্যাংকের বই, নথিপত্র এবং জিনিসপত্র ভিজে প্রচুর ক্ষয়ক্ষতি হয়েছে। ইছামতি মহিলা সংঘ নামে ওই সমিতিতে ৪৫০ জন মহিলা সদস্য রয়েছেন। বিভিন্ন সরকারি কাজ এবং ব্যাংকের লোন সংক্রান্ত যাবতীয় কাজ এখানকার সদস্যরাই করেন। ঘরে জল ঢুকে ব্যাংকের বই সহ বিভিন্ন নথিপত্র এবং বিভিন্ন জিনিস নষ্ট হয়ে যাওয়ায় মহিলা সমিতির সদস্যরা খুবই বিপাকে পড়েছেন।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo